



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : ৬৩/মাধ্য:সনদ/পনি

তারিখ : ১২/০১/২০২০

বিষয় : ২০১৯ সালের মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার কেন্দ্রওয়ারী পরীক্ষার্থীদের মূল সনদপত্র বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার কেন্দ্রাধীন প্রতিষ্ঠান সমূহের পরীক্ষার্থীদের মূল সনদপত্র নিম্নেবর্ণিত সময়সূচি অনুযায়ী বিতরণ করা হবে।

জেলাওয়ারী কেন্দ্র সমূহের সনদপত্র বিতরণের তারিখ :

জেলার নাম	বিতরণের তারিখ
১) রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা	১৫/০১/২০২০ (বুধবার)
২) নাটোর ও নওগাঁ জেলা	১৬/০১/২০২০ (বৃহস্পতিবার)
৩) বগুড়া ও জয়পুরহাট জেলা	১৯/০১/২০২০ (রবিবার)
৪) সিরাজগঞ্জ ও পাবনা জেলা	২০/০১/২০২০ (সোমবার)

উল্লিখিত সময়সূচি অনুযায়ী তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের মাধ্যমিক সনদ (কক্ষ-১২১৯) শাখা হতে কেন্দ্র সচিবগণের নিকট সরবরাহ করা হবে। সনদপত্র গ্রহণের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট তাঁদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সনদপত্র হস্তান্তর করতে হবে। এ ব্যাপারে কোনরূপ ব্যতিক্রম ঘটলে অথবা কোন অভিযোগ পাওয়া গেলে স্ব-স্ব কেন্দ্রের সচিবগণ দায়ী থাকবেন।

সনদপত্র গ্রহণের সময় কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ ফরোয়াডিং/নমুনা স্বাক্ষরযুক্ত ফরোয়াডিং
ও কেন্দ্র সচিবের সীলমোহর অবশ্যই সঙ্গে আনতে হবে।

(মো: আরিফুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী, ফোন # ০৭২১-৭৭৬২৩১ (অফিস)

প্রাপক

কেন্দ্র সচিব..... বিদ্যালয়/মহাবিদ্যালয়

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :

- ১। জেলা প্রশাসক রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ২। উপজেলা নির্বাহী অফিসার জেলা
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার..... জেলা
- ৪। প্রধান শিক্ষক/অধ্যক্ষ

..... বিদ্যালয়/মহাবিদ্যালয়, তাঁকে কেন্দ্র সচিবের সঙ্গে যোগাযোগ করে তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সনদপত্র নির্ধারিত সময়ের মধ্যে গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড।

৬। অফিস নথি।

(মো : জাহিদুর রহিম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক সনদ ও রেকর্ডস)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

রাজশাহী

ফোন # ০৭২১-৭৭৫৯২১ (অফিস)